



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

6 November 2025

7:35 AM IST

=====

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বন্দে মাতরম সংগীতের দেড়শ বছর পূর্তী উপলক্ষ্যে নতুন দিল্লীতে বিশেষ কার্যসূচীর সূচনা করবেন । কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক বছরব্যাপী চলা উৎসবের আয়োজন করছে । উল্লেখ্য দেড়শ বছর থেকে বন্দে মাতরম সঙ্গীত দেশবাসীকে জাতীয়তাবাদ, একতা এবং ব্রিটিশ শাসনের বিরুদ্ধে প্রতিরোধের প্রতীক রূপে প্রেরনা জুগিয়ে আসছে ।

মানুষ মানুষের জন্য গানটিকে সমগ্র বিশ্বে মানবতার গান হিসেবে স্বীকৃতি প্রদানের জন্য আসাম সরকার রাষ্ট্রসংঘকে অনুরোধ জানাবে । গতকাল সুধাকর্ষ ডঃ ভূপেন হাজারিকার চতুর্দশ মতুবার্ষিকী উপলক্ষে রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে জালুকবাড়ীর ডঃ ভূপেন হাজারিকা সমন্বয় তীর্থে আয়োজিত শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা একথা জানান । মুখ্যমন্ত্রী বলেন যে- ‘মানুষ মানুষের জন্য’ গানটি কেবল আসামের নয়, সমগ্র মানব জাতির সম্পদ ।

মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আরো বলেন শিল্পীর স্মৃতিকে সজীব করে রাখার জন্য ধলা-সদিয়ার ডঃ ভূপেন হাজারিকা সেতুর জিরো পয়েন্টে তাঁর প্রায় একশো ফুট উচ্চতার বিশাল প্রতিমূর্তি স্থাপনের পরিকল্পনা করা হয়েছে । ইতিমধ্যে রাজ্যের লোকনির্মাণ বিভাগ এই প্রতিমূর্তি স্থাপনের প্রস্তুতি সম্পূর্ণ করেছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । তিনি একইসঙ্গে আসামের প্রতিটি শহরে একটি করে সড়ক ডঃ ভূপেন হাজারিকার নামে উৎসর্গ করা হবে বলে উল্লেখ করেন ।

মুখ্যমন্ত্রী বলেন ----- #বাইট#

বরাক উপত্যকার তিন জেলা সহ রাজ্যের ৩৫টি জেলা এবং ২৭টি সম-জেলায় ডঃ ভূপেন হাজারিকার চতুর্দশ মৃত্যুবার্ষিকীতে গতকাল বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । রাজ্যের প্রতিটি জেলা সদরে পাঁচ হাজারেরও বেশি ছাত্র-ছাত্রী, যুবক-যুবতী এবং কলাকুশলীরা মানব শৃঙ্খলের মাধ্যমে ‘মানুষ মানুষের জন্য’ গানটি পরিবেশন করেন ।

এদিকে সুধাকঠের চতুর্দশ মৃত্যুবার্ষিকী উপলক্ষে কাছাড়ের জেলা প্রশাসনের উদ্যোগে শিলচরের পুলিশ প্যারেড গ্রাউন্ডে আয়োজিত হয়েছে ‘মানুষ মানুষের জন্য’ শীর্ষক বিশেষ অনুষ্ঠান । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী কৌশিক রাই বলেন- #বাইট#

শ্রীভূমি জেলা ক্রীড়া সংস্থার মাঠে ডঃ ভূপেন হাজারিকার মৃত্যুবার্ষিকী উপলক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয় । এতে রাজ্যের মন্ত্রী কৌশিক রাই মুখ্য

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । শ্রী রাই তাঁর ভাষণে বলেন যে- ভূপেন হাজারিকা শুধু একজন সঙ্গীত ব্যক্তিত্বই নন, তিনি মানবতার এক উজ্জ্বল প্রতীক । তাঁর গান আমাদের সমাজকে একসূত্রে বেঁধে রাখে ।

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে মানব শৃঙ্খলে ১৫ হাজারেরও বেশি জনসাধারণ অংশগ্রহণ করেন । জেলার বিভিন্ন স্থান থেকে আসা ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, সাংস্কৃতিক কর্মী এবং সাধারণ মানুষ হাতে হাত ধরে ‘মানুষ মানুষের জন্য’ গানটি পরিবেশন করেছেন । এই অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল । এছাড়া এতে সাংসদ কৃপানাথ মালাহ, জেলা আয়ুক্ত অভিষেক জৈন, সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন ।

ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত আধিকারীক প্রভাতি থাওসেনকে আসাম লোকসেবা আয়োগের অধ্যক্ষ হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । বর্তমানে আয়োগের সদস্য হিসেবে দায়িত্ব পালন করা শ্রীমতী থাওসেনকে আয়োগের অধ্যক্ষ হিসেবে নিযুক্তি প্রদান করে আসাম সরকারের কর্মচারী বিভাগের আয়ুক্ত সচিব এম এস মনিবন্নন বিজ্ঞপ্তী জারি করেন । উল্লেখ্য শ্রীমতী থাওসেন ডিমাসা সম্প্রদায় থেকে প্রথম লোকসেবা আয়োগের অধ্যক্ষ হিসেবে পদে অধিষ্ঠিত হয়েছেন ।

রাজ্যের খাদ্য ,গনবন্টন,গ্রাহক পরিক্রমা ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই গতকাল শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন

কক্ষে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকে মন্ত্রী শ্রীরাই জগন্নাথ হল কমিউনিটি কাম স্কিল সেন্টার , চা বাগান মডেল স্কুল , অঙ্গনওয়াড়ি কেন্দ্রের নির্মাণ , মূখ্যমন্ত্রীর একটি কুড়ি-দুটি পাতা প্রকল্প এবং অসম দর্শন প্রকল্প নিয়ে আলোচনা করা হয়েছে । মন্ত্রী শ্রী বলেন যে উন্নয়নমূলক প্রকল্পে জনগনের প্রত্যাশা পূরণ করতে হবে এবং আগামী ডিসেম্বর মাসের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছেন । বৈঠকে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী ,বিধায়ক বিজয় মালাকার, কমলাক্ষ্য দে পুরকায়স্থ , জেলা পরিষদের সহ-সভানেত্রী সাথী রায় কুরী প্রমুখ উপস্থিত ছিলেন ।
